

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)  
ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) বোর্ড  
ময়মনসিংহ  
www.nape.gov.bd


স্মারক নং: ৩৮.০৪.০০০০.৪১৮.১৯.১৫৩.২৫-২২৩

তারিখ: ১৫ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ  
৩০ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) ২০২৬ প্রোগ্রামে ভর্তি সংক্রান্ত নির্দেশনা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) ২০২৬ প্রোগ্রামে ভর্তি সংক্রান্ত নির্দেশনা প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে নির্দেশনা ০১ (এক) পাতা।

  
এ কে এম মনিরুল হাসান  
উপপরিচালক (মূল্যায়ন)  
ফোন: ০২৯৯৬৬৬৫৭৯৫

সুপারিনটেনডেন্ট


..... পিটিআই।

স্মারক নং: ৩৮.০৪.০০০০.৪১৮.১৯.১৫৩.২৫-২২৩

তারিখ: ১৫ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ  
৩০ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/সদয় কার্যার্থে:

- ০১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
- ০৩। পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
- ০৪। পরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
- ৫। ফোকাল পয়েন্ট, ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) প্রোগ্রাম, নেপ, ময়মনসিংহ।
- ০৬। পরীক্ষা নিয়ন্ত্রক, ডিপিএড বোর্ড, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
- ০৭। পিএ টু ডিজি, নেপ, ময়মনসিংহ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৮। অফিস কপি।

  
এ কে এম মনিরুল হাসান  
উপপরিচালক (মূল্যায়ন)

ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) প্রোগ্রামে ভর্তি সংক্রান্ত নির্দেশনা

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) প্রোগ্রামে মেধাতালিকায় নির্বাচিত প্রার্থীগণ আগামী ১ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ থেকে নিজ নিজ প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (পিটিআই)-এ সরাসরি উপস্থিত হয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনাসমূহ নিম্নরূপ-

১. ভর্তি কার্যক্রমের জন্য প্রার্থীদের অনলাইন আবেদনের এপ্লিকেট কপিটি জমা দিতে হবে।
২. ভর্তি হওয়ার পূর্বে প্রার্থীদের নিম্নবর্ণিত ব্যাংক একাউন্টে প্রথম সেমিস্টারের ভর্তি ফি বাবদ ৬,০০০/- (ছয় হাজার) টাকা সরাসরি বা মোবাইল অ্যাপের মাধ্যমে জমা দিতে হবে। এক্ষেত্রে যেকোনো ব্যাংক থেকে উক্ত একাউন্টে ভর্তি ফি সরাসরি বা মোবাইল অ্যাপের মাধ্যমে দেয়া যাবে।

ভর্তি ফি জমা দেবার জন্য ব্যাংক হিসাবঃ Diploma in Primary Education

সঞ্চয়ী হিসাব নম্বর- 0100283622155

জনতা ব্যাংক পিএলসি, ক্যান্টনমেন্ট শাখা, ময়মনসিংহ

রাউটিং নম্বরঃ 135610431 (প্রয়োজনে)

৩. এপ্লিকেট কপির সাথে নিম্নবর্ণিত কাগজপত্র অবশ্যই সংযুক্ত করে সংশ্লিষ্ট পিটিআই-এ জমা দিতে হবে-
  - ব্যাংকে টাকা জমাদানের রশিদ (অ্যাপের মাধ্যমে জমা করা হলে সেই স্টেটমেন্ট এর প্রিন্ট কপি)
  - সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি
  - সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙিন ছবি
৪. ভর্তি কার্যক্রম ৬ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ বিকাল ৪:০০ টার মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের পর কোনো ভর্তি গ্রহণযোগ্য হবে না।
৫. সংশ্লিষ্ট পিটিআই কর্তৃপক্ষ একটি ভর্তি রেজিস্টারে ভর্তি সংক্রান্ত তথ্য লিপিবদ্ধ করবেন এবং উক্ত রেজিস্টারে প্রদত্ত ভর্তি এন্ট্রির ক্রমিক নম্বরই শিক্ষার্থীর রোল নম্বর হিসেবে গণ্য হবে। তবে রেজিস্ট্রেশন নম্বরটিই স্থায়ী identity হিসেবে ব্যবহার হবে।
৬. নাম ও রোল নম্বরসহ ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা ৬ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ বিকাল ৪:০০ টার পর ই-মেইলের মাধ্যমে dpedboard82@gmail.com এবং mostafijur.ice11@gmail.com ঠিকানায় নেপে প্রেরণ করতে হবে।
৭. সংশ্লিষ্ট পিটিআই-এ নির্ধারিত একাডেমিক রুটিন অনুসরণ করে ৭ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ থেকে নিয়মিত শ্রেণি কার্যক্রম শুরু হবে।
৮. ভর্তি সম্পন্ন হওয়ার পর শিক্ষার্থীগণ সংশ্লিষ্ট পিটিআই কর্তৃপক্ষের নিকট থেকে তাদের শাখা, রোল নম্বর, ক্লাস রুটিন এবং প্রতিষ্ঠানের সামগ্রিক নিয়মাবলি সম্পর্কে অবহিত হবেন এবং তা যথাযথভাবে অনুসরণ করবেন।

